
জুলাই-মার্চ, ২০১৩-১৪ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১৩-২০১৪ অর্থবছরের জুলাই-মার্চ সময় শেষে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০১৩-২০১৪ অর্থবছরের ৩১ মার্চ ২০১৪ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া ঋণ ও শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ

জুলাই-মার্চ, ২০১৩-১৪ মেয়াদে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ২০,২২৬.২৬ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ১৭,৫৯৬.৭৩ কোটি টাকা এবং ২,৬২৯.৫৩ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১৩-১৪ অর্থবছরের আলোচ্য জুলাই-মার্চ সময়ে কৃষিভিত্তিক শিল্পখাতে বিগত ২০১২-২০১৩ অর্থবছরের একই সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদী ঋণ ও মোট ঋণ বিতরণ যথাক্রমে ৩৯.০৫%, ৬.৮০% ও ৩৩.৭৯% বৃদ্ধি পেয়েছে।


চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন	মেয়াদী ঋণ	মোট
২০১২-২০১৩	১২,৬৫৫.২৫	২,৪৬২.২১	১৫,১১৭.৪৬
২০১৩-২০১৪	১৭,৫৯৬.৭৩	২,৬২৯.৫৩	২০,২২৬.২৬

আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ২০,২২৬.২৬ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৯.১১%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭০.৫৯%, বিদেশী ব্যাংকসমূহ ১৮.৫৭%, এবং বিশেষায়িত ব্যাংক সমূহ ১.৭৩% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)


চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-মার্চ/২০১৩-১৪



২. বকেয়া ঋণস্থিতি

জুলাই-মার্চ, ২০১৩-১৪ মেয়াদ শেষে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৩৮,৩৬৫.৬০ কোটি টাকা। তন্মধ্যে, চলতি মূলধন ঋণ খাতে বকেয়া ঋণস্থিতি ২৯,৫৩৩.৫২ কোটি টাকা এবং মেয়াদী ঋণ খাতে বকেয়া ঋণস্থিতির পরিমাণ ৮,৮৩২.০৮ কোটি টাকা। আলোচ্য ২০১৩-২০১৪ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিগত ২০১২-২০১৩ অর্থবছরের একই সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদী ঋণ এবং মোট ঋণ এর বকেয়া স্থিতি যথাক্রমে ১০৫.০১%, ৪১.২০% এবং ৮৫.৬৯% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)


চিত্র ৩: বকেয়া ঋণ স্থিতির তুলনামূলক চিত্র



	চলতি মূলধন	মেয়াদী ঋণ	মোট
২০১২-২০১৩	১৪,৪০৬.২০	৬,২৫৫.০৬	২০,৬৬১.২৬
২০১৩-২০১৪	২৯,৫৩৩.৫২	৮,৮৩২.০৮	৩৮,৩৬৫.৬০

আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বকেয়া ঋণের রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, বিদেশী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের অংশীদারিত্ব যথাক্রমে ১৫.৯২%, ৬৮.৬৭%, ৬.০১% এবং ৯.৪০%। (চিত্র-৪ দ্রষ্টব্য)

চিত্র ৪: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-মার্চ/২০১৩-১৪




৩. শ্রেণীবিন্যাসিত ঋণ

জুলাই-মার্চ, ২০১৩-১৪ সময় শেষে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ২,১১২.৯৫ কোটি টাকা। তন্মধ্যে, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সমূহের ২৪.৩৮%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩৬.৪৯%, বিদেশী ব্যাংকসমূহের ১.৩৪% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩৭.৭৮%। (চিত্র ৫ দ্রষ্টব্য)

২০১২-২০১৩ অর্থবছরে জুলাই-মার্চ মেয়াদ শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল ১,৬২৫.৬৩ কোটি টাকা। এদিকে ২০১২-১৩ অর্থবছরের জুলাই-মার্চ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণীবিন্যাসিত ঋণের হার ছিল ৭.৮৭% যা ২০১৩-২০১৪ (বর্তমান) অর্থবছরের জুলাই-মার্চ সময় শেষে কমে ৫.৫১% হয়েছে।

চিত্র ৫: ব্যাংকের ধরণভেদে শ্রেণীবিন্যাসিত ঋণ, জুলাই-ডিসেম্বর/২০১২-১৩



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১৩-২০১৪ অর্থবছরের জুলাই-মার্চ সময় শেষে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের শ্রেণীবিন্যাসিত ঋণের হার যথাক্রমে ৮.৪৩% এবং ২২.১৫% যা অন্যান্য ব্যাংকসমূহের তুলনায় অত্যন্ত বেশী।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা


(কোটি টাকায়)

ব্যাংকের ধরণ	বকেয়া ঋণস্থিতি	শ্রেণীবিন্যাসিত ঋণ	শতকরা হার
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৬,১০৮.৯১	৫১৫.১৬	৮.৪৩%
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক	২৬,৩৪৪.৭০	৭৭১.০৫	২.৯৩%
বিদেশী ব্যাংক	২,৩০৭.৪৫	২৮.৪০	১.২৩%
বিশেষায়িত ব্যাংক	৩,৬০৪.৫৪	৭৯৮.৩৪	২২.১৫%
মোট	**৩৮,৩৬৫.৬০**	**২,১১২.৯৫**	**৫.৫১%**

৪. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্পঋণের বর্ণিত তথ্য হতে বিগত বছরের একই সময় অর্থাৎ ২০১২-২০১৩ অর্থবছরের জুলাই-মার্চ এর সঙ্গে তুলনা করলে দেখা যায় বর্তমান অর্থবছরের জুলাই-মার্চ সময়ে ঋণ বিতরণ ও বকেয়া ঋণস্থিতি যথাক্রমে ৩৩.৭৯% ও ৮৫.৬৯% বৃদ্ধি পেয়েছে। পক্ষান্তরে শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ২৯.৯৮% এবং শতকরা হার ২.৩৬ পয়েন্ট হ্রাস পেয়েছে। (চিত্র ৬ দ্রষ্টব্য)

চিত্র ৬: ২০১২-১৩ এবং ২০১৩-১৪ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পঋণের তুলনামূলক চিত্র



	ঋণ বিতরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণী বিন্যাসিত ঋণ
২০১২-২০১৩	১৫,১১৭.৪৬	২০,৬৬১.২৬	১,৬২৫.৬৩
২০১৩-২০১৪	২০,২২৬.২৬	৩৮,৩৬৫.৬০	২,১১২.৯৫

২০১৩-২০১৪ অর্থবছরে সকল ব্যাংক কর্তৃক কৃষিভিত্তিক শিল্পখাতে শ্রেণীকৃত ঋণের পর্যালোচনায় দেখা যায় সকল ব্যাংকসমূহের বকেয়া স্থিতির বিপরীতে শ্রেণীকৃত ঋণের গড় হার ৫.৫১%। ব্যাংকের ধরণের ভিত্তিতে শিল্পঋণের শ্রেণীকরণের এ গড় হার: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৮.৪৩%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ২.৯৩%, বিদেশী বাণিজ্যিক ব্যাংকসমূহের ১.২৩% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ২২.১৫%।